Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৶০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৵০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



### চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর

সাইকেল, টায়ার, টিউব, হ্যাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস্ বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।

রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)



৪১শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৯শে অগ্রহায়ণ বুধবার ১৩৬১ ইংরাজী 15th Dec. 1954 | ২৯শ সংখ্যা








### অগ্রগতির পথে নূতন পদক্ষেপ

হিন্দুস্থান তাহার যাত্রাপথে প্রতি বৎসর নূতন নূতন সাফল্য, শক্তি ও সমৃদ্ধির গৌরবে দ্রুত অগ্রসর হইয়া চলিয়াছে।

নূতন বীমা (১৯৫৩)

**১৮ কোটি ৮৯ লক্ষের উপর**

হিন্দুস্থানের উপর জনসাধারণের অবিচলিত আস্থার উজ্জ্বল নিদর্শন।

ভারতীয় জীবন বীমার ক্ষেত্রে

পূর্ব্ব বৎসর অপেক্ষা **২ কোটি ৪২ লক্ষ বৃদ্ধি**

সমসাময়িক তুলনায় সর্ব্বাধিক

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা—১৩

শাখা অফিস ঃ ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে

## পোক্তা বাটী বিক্রয়

রঘুনাথগঞ্জ চাউলপটীতে সদর রাস্তার উপরে একখানি পোক্তা বাটী ও তৎসংলগ্ন পতিত জায়গা বিক্রয় হইবে। গ্রাহকগণ "পণ্ডিত প্রেসে" অনুসন্ধান করুন।

শ্রীশ্যামাপদ সাহা
ঘাটবন্দর, পোঃ খাগড়া, ( মুর্শিদাবাদ )


---


সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৯শে অগ্রহায়ণ বুধবার সন ১৩৬১ সাল।


## বিহার কংগ্রেসী-নেতাদের মর্য্যাদা বোধ

—০)-(০—

ইংরাজ সরকার বাঙলা ও বাঙালীকে জব্দ করিবার জন্য বাঙলার কিয়দংশ বিহারের সামিল করিয়া যায়। স্বনামধন্য স্বর্গতঃ সচ্চিদানন্দ সিংহ মহাশয়ের মত বিহারের মঙ্গলাকাঙ্ক্ষী নেতাও পুনঃ-পুনঃ স্বীকার করিয়া গিয়াছেন যে বাঙলা ভাষাভাষী বাঙালীদের পক্ষে ইংরাজের এই ব্যবস্থা খুব ন্যায়-বিরুদ্ধ হইয়াছে। যদি কখনও সুযোগ উপস্থিত হয়, তবে বাঙলার এই অংশ বাঙলাকে ফিরাইয়া দেওয়া উচিত। স্বাধীনতা লাভের পর বাঙলা যখন তাহার হৃত অংশ পুনঃপ্রাপ্তির জন্য আন্দোলন আরম্ভ করে, তখন সদ্য ক্ষমতাপ্রাপ্ত বিহারী নেতারা সরকারের "সত্যমেব জয়তে" বাক্যের যে সার্থকতা অক্ষরে অক্ষরে প্রতিপালনে যত্নবান হইয়াছেন, তাহা দেখিলে স্তম্ভিত হইতে হয়।

ভারতের প্রধান মন্ত্রী জহরলালজী রাজ্য পুনর্গঠন কমিশনের আশা দিয়া বাঙলা, বিহার ও আসামকে কোন অপ্রীতিকর আন্দোলন হইতে বিরত থাকিতে অনুরোধ করেন। বাঙলা কংগ্রেস ও বাঙলা সরকার প্রধান মন্ত্রী ও কংগ্রেস সভাপতি জহরলালজীর অনুরোধ শিরোধার্য্য করিয়া অপ্রিয় আলোচনায় বিরত থাকে। সীমা কমিশন বিহার, বাঙলা ও আসামে আসিতেছেন এমন সময়ে বিহারের মুখ্যমন্ত্রী ডাঃ শ্রীকৃষ্ণ সিংহ পূর্ণিয়ায় একটী রাজনৈতিক সম্মেলনের উদ্বোধন করিয়াছেন এবং সেই সম্মেলনে সভাপতিত্ব করিয়াছেন ভারতীয় কেন্দ্রীয় সরকারে সদ্যনিযুক্ত মন্ত্রী ডাঃ সৈয়দ মামুদ।

পূর্ণিয়া জেলার জনসাধারণের মধ্যে প্রচারিত বিজ্ঞপ্তি পাঠ করিলেই সকলেই বুঝিবেন যে—যে প্রাদেশিকতার একটু গন্ধ পাইলেই ভারতীয় কংগ্রেস সভাপতি ও ভারতের প্রধানমন্ত্রী জহরলালজী কত অসোয়াস্তি বোধ করেন, বিহারী স্বার্থান্ধ কংগ্রেসী পদস্থ নেতারা কিভাবে কাগজে কলমে সেই প্রাদেশিকতার জ্বলন্ত প্রমাণসহ প্রচারকার্য্য চালাইতেছেন। আমরা "আনন্দবাজার পত্রিকা" হইতে উদ্ধৃত করিতেছি—

"পূর্ণিয়া জেলা রাজনীতিক সম্মেলনকা মহত্ব-পূর্ণ বারহরাঁ অধিবেশন কিশনগংজমে, জিসমেঁ আপকো মৌকা হৈ কি আপ এক স্বর সে পশ্চিম বংগালকে ঝুটে দাবেকা পর্দা ফাঁস করেঁ, পূর্ণিয়াকো উস ভূমিকো রক্ষা করেঁ জিসে হড়পানকা জাঁতোড় পরিশ্রম আপকে পড়োসী রাজ্যবালে কর রহে হৈ। অবসর চুকনেকা নতীজা বুরা হোগা। অতঃ আইয়ে, লাখোঁকো তায়দাদমে আইয়ে।

সম্মেলনমে প্রাংতকে, দেশকে নেতাগণ পধার রহে হৈ। উনকে বিচার সুনিয়ে ঔর অপনী বাতে উনহে সুনাইয়ে।"

বিজ্ঞপ্তিতে স্পষ্টভাবেই বলিয়া দেওয়া হইয়াছে যে, পূর্ণিয়ার ভূমির উপর বাঙলার "ঝুটা" দাবী ফাঁসাইবার জন্যই এই সম্মেলনের অধিবেশন। সীমানা নির্দ্ধারণ কমিশনের সিদ্ধান্তের পর তাহার রিপোর্ট অনুসারে কেন্দ্রীয় সরকার বিবেচনা করিবেন।

ডাঃ শ্রীকৃষ্ণ সিংহ কি করিয়া বলিলেন যে তিনি এক ইঞ্চি ভূমিও পশ্চিম বঙ্গের অন্তর্ভুক্ত হইতে দিবেন না। কমিশনের সিদ্ধান্ত কি তাহা তিনি পূর্ব্বে হইতে সন্ধান পাইয়াছেন নাকি?

ডাঃ সৈয়দ মামুদ কি ভুলিয়া গিয়াছেন যে, তিনি আর বিহারের ক্ষুদ্র স্বার্থের মধ্যে আবদ্ধ নন, তিনি সারা ভারতের কেন্দ্রীয় সরকারের মন্ত্রী। সমস্ত ভারত রাজ্যের স্বার্থ দেখিবার কার্য্যে তিনি নিযুক্ত হইয়াছেন। তিনি মুসলমান বলিয়া কেবল মুসলমানেরই স্বার্থ দেখিলে চলিবে না, জাতিধর্ম্মনির্ব্বিশেষে সকলের স্বার্থ দেখিবার এবং বিচারসম্মত কার্য্য করিবার জন্য তিনি নিযুক্ত হইয়াছেন। পশ্চিম বঙ্গের প্রতিকূলতা করা তাঁহার পক্ষে নিন্দনীয়। পূর্ণিয়ার সম্মেলনে সভাপতিত্ব করা তাঁহার প্রাদেশিক মনোবৃত্তির চরম প্রমাণ। শুধু তাই নয়, এই চূড়ার উপর আবার ময়ূরপাখাও আছে। তাঁহার ভাষণে তিনি বলিয়াছেন—পূর্ণিয়া জেলার মুসলমানেরা পশ্চিম বঙ্গে যাইতে সম্মত নহে!

জহরলালজী যা যা ভালবাসেন না তাঁহার নব নিযুক্ত অন্যতম মন্ত্রী ডাঃ মামুদ সেই প্রাদেশিকতা ও সাম্প্রদায়িকতা দুই সঞ্চয় করিয়া তাঁহার সভাপতিত্ব পবিত্র করিতে পশ্চাৎপদ হন নাই। জানিনা প্রধান মন্ত্রী জহরলালজী পূর্ণিয়ার এই রাজনৈতিক সম্মেলনে বিহারী নেতাদের সীমানা কমিশনের সিদ্ধান্তের পূর্ব্বেই পশ্চিম বাঙলার মুণ্ডপাতের ব্যবস্থাকে কোন গুরুত্ব দেওয়ার সুবিচার করিবেন কি না।

---

## স্কুল ফাইনাল পরীক্ষায় বৃত্তিলাভ

গত স্কুল ফাইনাল পরীক্ষায় মুর্শিদাবাদ জেলার ৫৯।৬০টী মনোনীত হাই স্কুলের মধ্যে চারিটী ছাত্র-ছাত্রী বৃত্তি পাইয়াছে। প্রথমটী বহরমপুরের মহাকালী পাঠশালার, দ্বিতীয়টী কৃষ্ণনাথ কলেজিয়েট স্কুলের, তৃতীয়টী জিয়াগঞ্জ রাজা বিজয়সিং বিদ্যা-মন্দিরের এবং চতুর্থটী ছাবঘাটী ক্ষুদিরাম দাস বিদ্যাপীঠের ছাত্র। সহর অঞ্চল দুইটি বাদ দিলে, ছাবঘাটী পল্লীগ্রামের এই নব মনোনীত বিদ্যালয়টী প্রশংসা অর্জ্জন করিয়াছে সন্দেহ নাই।

---

## শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা

জঙ্গিপুর সাব ডিভিসনাল স্পোর্টস এসোসিয়েসনের উদ্যোগে শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা আগামী ১৯৫৫ সালের জানুয়ারী মাসের তৃতীয় সপ্তাহে অনুষ্ঠিত হইবে।

আগামী ২৫।১২।৫৪ তারিখে বেলা ১১ ঘটিকার সময় জঙ্গিপুরের মহকুমা শাসক মহাশয়ের খাস-কামরায় এই মহকুমার ক্রীড়ামোদী ব্যক্তিগণের একটী সভা অনুষ্ঠিত হইবে। এই সভায় সাব-ডিভিসনাল স্পোর্টস এসোসিয়েসনের সভ্য নির্ব্বাচন এবং একটী কমিটী গঠন করা হইবে। এই মহকুমার ক্রীড়ামোদিগণকে উক্ত সভায় যোগদান করিবার জন্য কমিটির জয়েণ্ট সেক্রেটারী অনুরোধ জানাইতেছেন।

## সম্মেলন

আগামী ২৬শে ডিসেম্বর রবিবার বেলা ১২ ঘটিকায় বহরমপুর যোগীন্দ্র মিলনীতে তৃতীয় বার্ষিক পশ্চিম বঙ্গ নিম্নতম সরকারী কর্ম্মচারী সম্মেলন অনুষ্ঠিত হইবে।

## ডি, ডি, টি, স্প্রে

সরকারের ম্যালেরিয়া নিবারণী বিভাগের কর্ম্মিগণ মশক-নিধনের উদ্দেশ্যে রঘুনাথগঞ্জ সহরে স্প্রে দিতে আরম্ভ করিয়াছেন। যাহাতে সকল বাড়ীতে উহা নিয়মিতভাবে দেওয়া হয় সে বিষয়ে কর্ত্তৃপক্ষ দৃষ্টি রাখিবেন। মশকের উৎপত্তি স্থান-সমূহে উহা দিবার ব্যবস্থা করাও একান্ত প্রয়োজন।

## প্রবীণ শিক্ষকের পরলোক

রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ের প্রাথমিক বিভাগের অবসরপ্রাপ্ত প্রবীণ শিক্ষক ছোটকালিয়াই নিবাসী দেবেশচন্দ্র দাস মহাশয় গত ২৫শে অগ্রহায়ণ শনিবার সকালে পরলোক গমন করিয়াছেন। তিনি প্রায় এক বৎসর ধরিয়া বার্দ্ধক্যজনিত ব্যাধিতে ভুগিতে-ছিলেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৭১ বৎসর হইয়াছিল। তাঁহার অমায়িক মধুর ব্যবহারে সকলেই মুগ্ধ হইতেন। তিনি বিধবা পত্নী, দুই পুত্র, তিন কন্যা ও অনেকগুলি নাতি-নাতিনী রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার পরলোকগত আত্মার চির-শান্তি কামনা করিতেছি।


### স্মারং স্মারং আইন-চরিতং

# কোদালধারী কেরাণী



পৈতৃক যা জমি ছিল,
সে সকল ভাগে দিয়ে,
হইলাম বিদেশবাসী
কেরাণীর চাকরী নিয়ে।
মাথাতে টেরী কেটে
কি সুন্দর পোষাক পরি,
বাবুটি সেজে কেমন
আনন্দে আপিস করি।
সকলে বাবু বলে
চাপরাসী করে সেলাম,
হলো মোর কুড়ি ফোটা
ঠিক যেন রঙের গোলাম।
সকালে চা হালুয়া
বিকালে ফুলকো লুচি,
দুপুরে বালাম চাউল
ছাড়া আর হয় না রুচি।

কাগজে দেখতে পেলাম
আইন হয়েছে জারী
যে লোকে করবে আবাদ
জোত-জমা হবে তারই।
বাপ দাদার দেওয়া জমি
সে সকল পরকে দিয়ে
চাকরীতে দিন কাটাবো
চাকরী কি একচেটিয়ে।
বাবা যে চাকরী করে,
ছেলে তো পায়না সেটা,
তা' হলে জজ হইত
যত সব জজের বেটা।
এ সকল দেখে শুনে
দিয়েছি চাকরী ছেড়ে,
লাঙলের কাজ জানিনা,
লেগেছি কোদাল ধরে।




**দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪৭২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১/০ এক টাকা এক আনা।

সোল এজেন্ট ঃ—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত

**নিত্য ব্যবহার্য্য** জিনিষের মধ্যে একটির অভাব আমাদের মহকুমাবাসী দীর্ঘদিন অনুভব করে আসছেন, অথচ জিনিষটি আবাল-বৃদ্ধ সকলেরই নিত্যসঙ্গী ও অপরিহার্য্য।

বাজার অপেক্ষা সুলভে সুদৃশ্য অথচ মজবুত জুতো বলতে "বাটা কোম্পানীর" জুতোই বোঝায় একথা আজ সকলের নিকট সুবিদিত। বাটা কোম্পানীর জনপ্রিয়তা বা সুখ্যাতি আজ প্রতিটি সহরে, গ্রামে, হাটে, বাজারে এমনকি প্রতিটি পরিবারের কাছে সুপরিচিত। সুখবর যে, বাটা কোম্পানীর জুতোর দোকান এই মাসেই রঘুনাথগঞ্জে আসিতেছে।

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **জঙ্গীপুর মহকুমার একমাত্র খেলার সরঞ্জামের দোকান "প্লেয়ার্স হোম্" (রঘুনাথগঞ্জ চাউলপটি) এর সঙ্গে একত্রই বাটার জুতোর দোকান হইতেছে।**

*প্লেয়ার্স হোম*
রঘুনাথগঞ্জ ( চাউলপটী )
( মুর্শিদাবাদ )

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## *নিলামের দিন ১০ই জানুয়ারী ১৯৫৫*

### ১৯৫৩ সালের ডিক্রীজারী

৩৯৮ থাং ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দিং দেং ভূপতিভূষণ রায় দিং দাবি ৮০॥৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে মিঠিপুর ১-৪৭ শতকের কাত ১৷৵০ আঃ ১০৲ খং ১০১

৫৮৬ থাং ডিঃ ঐ দেং সোলেমান সেখ দিং দাবি ১৩৩৸৶৩ থানা ঐ মৌজে রামদেবপুর ও মিঠিপুর ৪-৩৯ শতকের কাত ৩৸৶২ আঃ ৪৫৲ খং ৯০, ২৮৯

### ১৯৫৪ সালের ডিক্রীজারী

৫১৩ থাং ডিঃ কালীপ্রসন্ন সিংহ দিং দেং আলতাব সেখ দিং দাবি ১৮৸৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাদিকোলা ১৮ শতক মধ্যে ৫ শতকের কাত ৸৵০ আঃ ৪৲ খং ১৫৪

৫১৪ থাং ডিঃ ঐ দেং জগন্নাথ মণ্ডল দিং দাবি ৩৩॥৶৯ মৌজাদি ঐ ২৭ শতকের কাত ৪৲ আঃ ২০৲ খং ১৯৮, ২০১

৩০৭ থাং ডিঃ নৃপেন্দ্রনারায়ণ বসু সর্ব্বাধিকারী দেং ত্রিনয়নী বর্ম্মণ্যা দিং দাবি ৩০॥৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেখালিপুর ২-৫৩ শতকের কাত ৪৸০ আঃ ২০৲ খং ১১২৫

৬৪৫ থাং ডিঃ অনিলকুমার সিংহ রায় দেং লীলাবতী দাসী দাবি ২২৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ২৬ শতকের কাত ৩৲ আঃ ১৫৲ খং ১৫৬৩ অধীনস্থ খং ১৫৬৪ ১৫৬৫

৩৬৭ থাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং লুথফল সেখ দিং দাবি ২৪৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেকন্দরা ১২ শতকের কাত ১॥/০ আঃ ১০৲ খং ১১৩৫

৩৬৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮৷৵৬ মৌজাদি ঐ ৭ শতকের কাত ১৵০ আঃ ৮৲ খং ১১৩৭

৪৮০ থাং ডিঃ ফুলচাঁদ শেঠি দেং সাজান সেখ দিং দাবি ১৪॥/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাশিয়াডাঙ্গা ১-৩৩ শতকের কাত ২৸/৫ আঃ ১০৲ খং ৭৬

৪৭০ থাং ডিঃ ঐ দেং সুধীরকুমার রায় দিং দাবি ১২/০ মৌজাদি ঐ ২৮ শতকের কাত ১৵৩ আঃ ৫৲ খং ১৬৯

৪৭১ থাং ডিঃ ঐ দেং সাজিরুদ্দিন বিশ্বাস দিং দাবি ২৪৷৵৩ মৌজাদি ঐ ২-৩৭ শতকের কাত ৮৸৵৯ আঃ ২০৲ খং ৫৫

৪৭২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯॥/৬ মৌজাদি ঐ ২-২৩ শতকের কাত ৫/১ আঃ ১২৲ খং ৫৬

৪৭৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১॥৵৬ মৌজাদি ঐ ২-৫৭ শতকের কাত ৬৸১ আঃ ১৫৲ খং ৫৭

৪৭৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫৷৶৬ মৌজাদি ঐ ৭৮ শতকের কাত ১॥৶০ আঃ ৭৲ খং ৬৪

৪৭৭ থাং ডিঃ ঐ দেং হরিমণি দেবী দিং দাবি ২২৸৶৬ মোজাদি ঐ ২-৮৮ শতকের কাত ৮৷৶৮ আঃ ২০৲ খং ২২৭

৪৭৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৷/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বহড়া ১-৭১ শতকের কাত ২৸৵৭ আঃ ১০৲ খং ৩২২

৪৭৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১/৬ মৌজাদি ঐ ১-১৯ শতকের কাত ২/৯ আঃ ৭৲ খং ৩২৩

৪৭৫ থাং ডিঃ ঐ দেং মেহের আলি বিশ্বাস দিং দাবি ১৩॥/৯ মৌজাদি ঐ ১-৩৯ শতকের কাত ৪॥৶৬ আঃ ১০৲ খং ৭৫

৪৭৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৸৵৯ মৌজাদি ঐ ৫৭ শতকের কাত ১॥৵০ আঃ ৭৲ খং ৩২৬

৫৭১ থাং ডিঃ অমানো বর্ম্মণ্যা দেং সরলাসুন্দরী বর্ম্মণ্যা দাবি ২৫৸৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুতুবপুর ১-১১ শতকের কাত ২৷০ আঃ ১০৲ আঃ ১১২

৫৭২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৪৷/৯ মৌজাদি ঐ ২-৩ শতকের কাত ৪৶৬ আঃ ১০৲ খং ১০৭

৫৭৩ থাং ডিঃ ঐ দেং কানাইলাল রায় দাবি ৬৬॥৬ মৌজাদি ঐ ৬-৬৩ শতকের কাত ১২॥১০ আঃ ১০৲ খং ২৬৷৭৩

৫৭৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৪৸৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশিপুর ৫-৬০ শতকের কাত ১৪॥৶১ আঃ ১০৲ খং ২৭

৫৭৪ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ রায় দিং দাবি ৫৩॥/৯ মৌজাদি ঐ ২-৪৪ শতকের কাত ৯॥৶২ আঃ ১০৲ খং ২৪৩

৪৪৭ থাং ডিঃ ভোলানাথ সাহা দেং ভবানীপ্রসাদ চৌধুরী দিং দাবি ১৫৸/৭ থানা রঘুনাথগঞ্জ মৌজে মাখনটুলী ২২ শতকের কাত ৮৲ আঃ ১৬৲ খং ৫০৯ রায়ত স্থিতিবান।

৬১০ থাং ডিঃ মাতোয়ালী আবুল মহম্মদ কলিমুল্লাহ দেং যতীন্দ্রনাথ হালদার দিং দাবি ২০॥৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বালিঘাটা ২৯ শতকের কাত ৪৶৩ আঃ ১৫৲ খং ১২

৫০৯ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং চৈতন্যচরণ মণ্ডল দাবি ৩॥/৬ থানা সুতি মৌজে শিধোর ৪৪ শতকের কাত ৩/৬ আঃ ১০৲ খং ৩২৮

৬২৯ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং আবুবাক্কার মোলবী দাবি ২০৵০ থানা সুতি মৌজে ভাবকী ৮৯ শতকের কাত ২/০ আঃ ৫৲ খং ৬৩৪ রায়ত স্থিতিবান।

৬৩০ থাং ডিঃ ঐ দেং সাবিরুদ্দিন বিশ্বাস দিং দাবি ২২৷৬ মৌজাদি ঐ ১-৩২ শতকের কাত ২৸৵৩ আঃ ৫৲ খং ৬৩২ এ স্বত্ব।

৪৪৫ থাং ডিঃ কুমার ৺ইন্দ্রনারায়ণ সিংহ ষ্টেটের একজিকিউটর কুমার জ্ঞানেন্দ্রনারায়ণ সিংহ দেং সুবাসীবালা দাসী দাবি ১৭৶৯ থানা সুতি মৌজে জলঙ্গাপাড়া ৬৪ শতকের কাত নিজাংশে ৷৵৩ আঃ ৫৲ খং ২৯

১৯১ থাং ডিঃ মহেশপুর রাজ এষ্টেট দিং দেং গৌরচন্দ্র দাস দিং দাবি ৪৭৶৬ থানা সুতি মৌজে আমডোল ৭-৩৯ শতকের কাত নিজাংশে ১১/৯ আঃ ৫০০৲ খং ৮৮

৬০৪ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং নেকাতুল্যা মণ্ডল দাবি ১০৻৩ থানা সুতি মৌজে নয়াবাহাদুরপুর ৩২ শতকের কাত ১৲ আঃ ৫৲ খং ১১

১ মনি ডিঃ মহেশনারায়ণ দাস দেং ইমানী দেওয়ান দাবি ৩০১।/৯ থানা সাগরদীঘি মৌজে জিনদীঘি ৩-১৯ শতকের কাত ১৪৻১৫ আঃ ২৮০৲ খং ৩৭২ মোকররী স্বত্ব।

৩৪ মনি ডিঃ গৌরাঙ্গচন্দ্র সরকার দিং দেং শিরিশ মণ্ডল দিং দাবি ২০৮৲৯ থানা সুতি মৌজে কাদোয়া ২-০৬ শতকের কাত ১।⁄৩ আঃ ১৭৫৲ খং ৬৬৭

১৯৭ থাং ডিঃ দেবেন্দ্রনাথ সিংহ দিং দেং বিপ্রচরণ দাস দিং দাবি ৪৭⁄০ থানা সুতী মৌজে মহেশাইল ও এককাঠিয়া ৩-২৯ শতকের কাত ৬।/৬। গণ্ডা আঃ ২০৲ খং ২২৯০, ৪৮৭

৫১০ থাং ডিঃ সেবাইত পশুপতি চক্রবর্ত্তী দিং দেং সরোজা মুখোপাধ্যায় দিং দাবি ১৮০৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে নাইত বৈদড়া ৪-৩৪ শতকের কাত ২৯॥/০ আঃ ৭৫৲ খং ৪১০ রায়ত স্থিতিবান।

৫১১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৪।/৩ মৌজাদি ঐ ৪-৫৭ শতকের কাত ৩০৵৬ আঃ ১০০৲ খং ২০৬ ঐ স্বত্ব।

৬১০ থাং ডিঃ পূর্ণেন্দুনারায়ণ সিংহ দেং এরুজ সেখ দিং দাবি ৩২৸৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে মির্জ্জাপুর ৯৫ শতকের কাত ২৸৵৯ আঃ ১৫৲ খং ২৭৫ রায়ত স্থিতিবান।

৬১২ থাং ডিঃ ঐ দেং অমিয়কুমার বন্দ্যোপাধ্যায় দাবি ৩৫৻৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে পাইকর ৭৯ শতকের কাত ৪⁄৯ আঃ ১৫৲ খং ৮৫ রায়ত স্থিতিবান।

৬৪০ থাং ডিঃ সেবাইত ও স্বয়ং মণিমোহন চৌধুরী দেং সুফলচন্দ্র সাহা দিং দাবি ৪০৸৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাঁকুড়িয়া ১-১৩ শতকের কাত ৮॥⁄৬॥ আঃ ২০৲ খং ১৫৫ রায়ত স্থিতিবান।

৬৪১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫১॥/৩ মৌজাদি ঐ ১-৯৪ শতকের কাত ১২॥/১৩॥ আঃ ২০৲ খং ৩৩৫ ঐ স্বত্ব।

৬০৩ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং দিগম্বর চট্টোপাধ্যায় দিং দাবি ২৩৸০ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুলড়ী ৭০ শতকের কাত ৪।⁄১ আঃ ১০৲ খং ৯১

৬২১ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং কমলাকান্ত সিংহ দিং দাবি ১৩৻৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে পাঁচনপাড়া ৩৬ শতকের কাত ।৵৯ পাই আঃ ৩৲ খং ২৭১

৬২২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৪৵৩ মৌজাদি ঐ ১-৬ শতকের কাত ২॥৬ আঃ ১০৲ খং ২২৭

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৭ই জানুয়ারী ১৯৫৫

### ১৯৫৪ সালের ডিক্রীজারী

৩৬০ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং শিবদাসী দাসী দিং দাবি ৫০॥⁄৬ থানা সাগরদীঘি মৌজে থাড়ুগ্রাম ৭-৮৭ শতকের কাত ২৯৸৵৩ আঃ ৩০৲ খং ৬৩

৩৬১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪২/৯ মৌজাদি ঐ ৩-৮১ শতকের কাত ২৩॥৵০ আঃ ৩০৲ খং ৭১

৩৭৪ থাং ডিঃ মৃগেন্দ্রনাথ ভট্টাচার্য্য দিং দেং নকড়িচন্দ্র চক্রবর্ত্তী দিং দাবি ৫৩॥৬ থানা সাগরদীঘি মৌজে দক্ষিণগ্রাম ২-৪০ শতকের কাত ৮⁄৬ আঃ ১০৲ খং ১৬৪

৩০৫ থাং ডিঃ ঐ দেং জগদিন্দ্রনাথ চৌধুরী দাবি ৩৬৵৩ মৌজাদি ঐ ২-৬১ শতকের কাত ৩⁄৯ আঃ ১০৲ খং ১৩২

৩৭৭ থাং ডিঃ রাণী হেনারাণী দেবী দেং সরলাবালা রায় দাবি ৪১/৬ থানা সাগরদীঘি মৌজে রামনগর ২ একরের কাত ৬৲ আঃ ১০৲ খং ১১

৩৭৮ থাং ডিঃ সেবাইত রাজা কমলারঞ্জন রায় দেং ত্রিভঙ্গমুরারী দাস দিং দাবি ১২৸০ থানা সাগরদীঘি মৌজে বলরামবাটী ৮ শতকের কাত ।/৬ আঃ ৫৲ খ ২৯২

৩৬৮ থাং ডিঃ জগদিন্দ্রনাথ চৌধুরী দেং কৃষ্ণকিঙ্কর দে দিং দাবি ১২/৩ থানা সাগরদীঘি মৌজে বেলুড়িয়া ৫৭ শতকের কাত ২৸৵০ আঃ ৫৲ খং ৩৭৩

৩৮৪ থাং ডিঃ পাঁচুগোপাল রায় দিং দেং আনোয়ার হোসেন সেখ দিং দাবি ১৮৸৬ থানা সাগরদীঘি মৌজে যোগপুর ৪৫ শতকের কাত ৩॥০ খং ২১৪

৩০২ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ সাহা দিং দাবি ১৩২৻৬ মৌজাদি ঐ ৪-২৬ শতকের কাত ২৮৲ আঃ ৫০৲ খং ৪৪৩

৩৮৩ থাং ডিঃ ঐ দেং সুধীরকুমার ব্রহ্মচারী দাবি ৩০/৩ মৌজাদি ঐ ২-০১ শতকের কাত ১০॥৩ আঃ ১৫৲ খং ৪৭৭

৩১২ থাং ডিঃ বীরেন্দ্রনাথ মহান্তী দেং কার্ত্তিকচন্দ্র সরকার দাবি ২৩৸⁄০ থানা সাগরদীঘি মৌজে পাড়ুলী ৩-১০ শতকের কাত ১৫৸⁄১৸০ আঃ ১০৲ খং ১৯৬

৩১৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭৸৬ মৌজাদি ঐ ১-৮১ শতকের কাত ৮৻১০ আঃ ৫৲ খং ১৯৫

৩২০ থাং ডিঃ নরেশচন্দ্র বসু দেং পূর্ণচন্দ্র সরকার দাবি ২০৵৬ থানা সাগরদীঘি মৌজে বিনোদ ২-০২ শতকের কাত ৫।⁄৭ আঃ ৫৲ খং ৭৮

৩২১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২৸৵৬ মৌজাদি ঐ ৪-৩২ শতকের কাত ৬॥⁄০ আঃ ৫৲ খং ৭৯

৩৩৪ থাং ডিঃ ঐ দেং মঞ্জুর আলি সেখ দাবি ৭৮॥৵৩ মৌজাদি ঐ ১-৯৪ শতকের কাত ১১।০ আঃ ১০৲ খং ৫৯

২৭৪ থাং ডিঃ সেবাইত জীবনকৃষ্ণ ঘোষ দিং দেং সুকুদ্দি সেখ নাবালক পক্ষে অলি জ্যেষ্ঠ ভ্রাতা আবদুল সোভান সেখ দাবি ১৭।৯ থানা সাগরদীঘি মৌজে খেরুর ৫৪ শতকের কাত ২।৵১০ আঃ ৫৲ খং ৯১ খাস মধ্যে।

১৪ স্বত্ব ডিঃ নেহালিয়া ট্রাষ্ট ষ্টেটের ট্রাষ্টিগণ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং সুধীরকুমার ব্রহ্মচারী দাবি ১৪৵৩ থানা সাগরদীঘি মৌজে ঈশ্বরবাটী ১-৮৭ শতকের কাত ৪।০ আঃ ১০৲ খং ৭৫

৩৬৪ থাং ডিঃ বরদাচারী স্বামী দেং সামসুল নেহার বিবি দাবি ১১৮৻৬ থানা সাগরদীঘি মৌজে একরখি ৫-২৭ শতকের কাত ১৭॥৵৫ আঃ ১০০৲ খং ৫০১ রায়ত স্থিতিবান।

২২৬ থাং ডিঃ কমন ম্যানেজার রণেন্দ্রনারায়ণ বাগচি দেং গুরুপদ মণ্ডল দিং দাবি ৬০৸৵০ থানা সাগরদীঘি মৌজে মানচ ৯-৬৪ শতকের কাত ১০৸৵৬ খং ৫৭

২৯২ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং সনৎকুমার চক্রবর্ত্তী দাবি ২১৸৵৬ থানা সাগরদীঘি মৌজে ডোমাইপুর ১-০৬ শতকের কাত ৪॥৵৮ পাই আঃ ১০৲ খং ১৭২

২৯৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩।৬ মৌজাদি ঐ ২-৫৩ শতকের কাত ২৲ আঃ ৫৲ খং ১৭১

২৯৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭।৵০ মৌজাদি ঐ ৬৬ শতকের কাত ২॥৵১৭৸ আঃ ৫৲ খং ১৭৮ মধ্যে।

# জঙ্গিপুর সংবাদের ক্রোড়পত্র

২৯শে অগ্রহায়ণ, ১৩৬১, ইং ১৫ই ডিসেম্বর, ১৯৫৪


## জঙ্গিপুর শ্রীমা টকিজ

গত ১৩ই ডিসেম্বর বৈকাল ৫-৩০ ঘটিকায় জঙ্গিপুরের মহকুমা-শাসক শ্রীদিলীপকুমার গুহ, আই-এ-এস মহোদয়ের সভাপতিত্বে জঙ্গিপুর শ্রীমা টকিজের শুভ উদ্বোধন সম্পন্ন হইয়াছে। জঙ্গিপুর মিউনিসিপালিটির চেয়ারম্যান শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায় মহাশয় প্রধান অতিথির আসন গ্রহণ করেন। সভায় নিমন্ত্রিত ভদ্রমহোদয়গণকে জলযোগে আপ্যায়িত করা হয়।

## বিনামূল্যে ছায়াচিত্র

জঙ্গিপুর মহকুমার গ্রামাঞ্চলে প্রায় একমাস কাল পশ্চিম বঙ্গ সরকারের প্রচার বিভাগের ছায়াচিত্র প্রদর্শিত হইবে। ১৫ই ডিসেম্বর জঙ্গিপুর কলেজে, ১৬ই ডিসেম্বর রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীতে, ১৭ই ডিসেম্বর ঘোড়শালা গ্রামে ও ১৮ই ডিসেম্বর বালিঘাটায় সরকারী ম্যালেরিয়া নিবারণী অফিসের সম্মুখে ছায়াচিত্র দেখান হইবে।

## ইষ্টার্ণ রেলওয়ে মেনস্ ইউনিয়ন

গত ৯ই ডিসেম্বর আজিমগঞ্জ জংসনের নিকটস্থ ময়দানে উক্ত ইউনিয়নের উদ্যোগে প্রায় চারিশত শ্রমিকের উপস্থিতিতে এক সভা হইয়াছে। আজিমগঞ্জ শাখার সম্পাদক শ্রীতারকনাথ রায় স্থানীয় রেল শ্রমিকদের বিভিন্ন অসুবিধার কথা উল্লেখ করেন।

## Notice.

Applications are invited in prescribed form (to be had in the office) for temporary route permits in respect of stage carriages to be provided on the undernoted seasonal routes.

1. Kandi—Salar.
2. Kandi—Jhikarhati.
3. Raghunathganj—Murarai.

The last date for submission of applications to the undersigned is 20.12.54.

Sd/- S. B. Majumdar
Secretary,
Regional Transport Authority,
Murshidabad.


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।